শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**
**উপজেলা প্রকৌশলীর দপ্তর**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**www.lged.gov.bd**

স্মারক নং-৪৬.০২.৯৪৮২.০০০.১৬.০০১.২৪-৫৩৭ তারিখ: ০২-০৬-২০২৪ খ্রি:

# "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভা আগামী ০৬-০৬-২০২৪ খ্রি: তারিখ রোজ- বুধবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে নিম্ন স্বাক্ষরকারীর সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

**আলোচ্য সূচি :**

১। পূর্বের সভার কার্যবিবরণী সম্পর্কে পর্যালোচনা।
২। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

02/06/2024

(মোঃ মাইদুল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত
অবকাঠামো উন্নয়ন কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৩। উপজেলা ............................................ কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান ................................ ইউনিয়ন, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৫। অফিস কপি।

পরিশিষ্ট - 'ক'

## উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ

তারিখ ঃ ০৬-০৬-২০২৪ খ্রিঃ

| ক্রঃ নং | নাম | পদবী ও ঠিকানা | স্থায়ী কমিটির পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | জনাব সুকুমার রায় | ভাইস চেয়ারম্যান | সভাপতি | ০১৭১১ ১১৪৯৯৬ | |
| ২ | জনাব মোঃ মোখলেসুর রহমান চৌধুরী | চেয়ারম্যান<br>৬ নং পীরগঞ্জ ইউ.পি. | সদস্য | ০১৭১৩ ৭০৮৫৯৫ | |
| ৩ | জনাব মোঃ সাইদুর রহমান | চেয়ারম্যান<br>৯ নং সেনগাঁও ইউ.পি. | সদস্য | ০১৭২৩ ২৫৩৪০২ | |
| ৪ | জনাব মোঃ মাইদুল ইসলাম | উপজেলা প্রকৌশলী | সদস্য সচিব | ০১৭০৮ ১৬১৬২৭ | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির কার্যবিবরণী:

**সভাপতি** ঃ সুকুমার রায়
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ০৬-০৬-২০২৪ খ্রি:

**সময়** ঃ সকাল ১০:০০ টা।

**স্থান** ঃ উপজেলা প্রকৌশলীর দপ্তর।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিব উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভা | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন দীর্ঘদিনের পুরোনো ও বসবাসের অযোগ্য হওয়ার কারণে উক্ত ভবনটি পরিদর্শন করে কনডেম ঘোষণার জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন কনডেম ঘোষনা কমিটির সম্মানিত সভাপতি জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন।<br>তিনি আরও জানান, উপজেলা পরিষদ চত্তরে অবস্থিত সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন, কৃষি ভবন, ছায়ানীড় ও টাংগন বাসভবন এবং বাউন্ডারি ওয়্যাল দীর্ঘদিন ধরে মেরামত না করার কারণে বাসভবনগুলোতে বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। ফলে, জরুরী ভিত্তিতে মেরামতের জন্য বাজেট বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন।<br>তিনি আরও জানান, ১১ নং বৈরচুনা আধুনিক হাটটির নির্মাণ কাজ ঠিকাদার সম্পন্ন করেছেন। সেখানে বিদ্যামান দোকান ঘরগুলি ভাড়া দেওয়া প্রয়োজন। তাই, দোকান ঘরগুলি ভাড়া দেওয়ার জন্য বৈরচুনা দোকান বরাদ্দ কমিটির নিকট সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন।<br>তিনি আরও জানান, ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদের সীমানার ভিতরে অবস্থিত একটি পুরাতন ভবন নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য গত ১০ জুন ২০২৩ খ্রি: তারিখে অনুমোদন পাওয়া যায়। পুরাতন ভবনটি নিলামের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন।<br>এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন দীর্ঘদিনের পুরোনো ও বসবাসের অযোগ্য হওয়ার কারণে প্রস্তুতকৃত প্রাক্কলন কনডেম ঘোষনা কমিটির সম্মানিত সভাপতি জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) উক্ত বাসভবনগুলি ও বাউন্ডারি ওয়্যাল এর মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩) ১১ নং বৈরচুনা আধুনিক হাটে কমিটির সভাপতিকে দোকান ঘরগুলি ভাড়া দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪) ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন নিলামের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ১) উপজেলা প্রকৌশলী<br>২) চেয়ারম্যান ১০ নং জাবরহাট ইউ.পি.<br>৩) ১১ নং বৈরচুনা ইউ.পি. পীরগঞ্জ। |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুকুমার রায়)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো
উন্নয়ন কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর দপ্তর
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৯৪৮২.০০০.১৬.০০১.২৪-৫৪৬ তারিখ: ০৬-০৬-২০২৪ খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৩। উপজেলা ............................................ কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান ................................ ইউনিয়ন, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৫। অফিস কপি।

(মোঃ মাইদুল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো
উন্নয়ন কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।